



বাংলাদেশ ইনস্টিটিউট অব  
পার্লিমেণ্টারী স্টাডিজ



Global  
Gateway



Funded by  
the European Union

# জাতীয় বাজেট ২০২৪-২০২৫: সারসংক্ষেপ মহিলা ও শিশু



Finance Division, Ministry of Finance

**PFM Action Plan**

Component-12

Strengthen Parliamentary Oversight and Scrutiny of Public Expenditure

 DT Global



সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)  
Centre for Policy Dialogue (CPD)

বাজেট  
হেল্পডেস্ক  
২০২৪

## ১. প্রেক্ষাপট এবং মহিলা ও শিশুখাতের বাজেট

রূপকল্প ২০৪১ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সাথে সঙ্গতিপূর্ণ ‘নারীর ক্ষমতায়ন’, ‘শিশু কল্যাণ’ বর্তমান সরকারের উন্নয়ন পরিকল্পনার একটি অন্যতম স্তম্ভ। নারীর ক্ষমতায়ন ও শিশু কল্যাণের গুরুত্ব বিবেচনায় সরকার জেডার সমতা উন্নয়ন, প্রসূতি ও শিশু স্বাস্থ্য উন্নয়ন, নারী ও শিশুর পুষ্টি নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জনের জন্য মধ্যমেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ করেছে।



সরকার নারীর ক্ষমতায়ন এবং শিশু কল্যাণমুখী নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। বর্তমান সরকার নারী উন্নয়নের লক্ষ্যে ২০০৯ থেকে জেডার বাজেট প্রণয়ন করেছে। বর্তমানে ৪৪টি মন্ত্রণালয় এবং বিভাগে জেডার বাজেট বাস্তবায়ন করা হচ্ছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীন নিবন্ধিত মহিলা সমিতিভূক্ত দরিদ্র মহিলা এবং দুঃস্থ ও অসহায় মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করে গড়ে তোলার লক্ষ্যে তাঁদের তৈরী পোষাক/পণ্য সামগ্রী বিক্রয়ের জন্য রাজস্ব বাজেটের আওতায় অধিদপ্তরের সদর কার্যালয়ে বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র “অঙ্গনা” পরিচালিত হচ্ছে। এছাড়াও, ভালনারেবল উইমেন বেনিফিট প্রোগ্রামের আওতায় ২ বছর চক্রাকারে ১০.৪০ লক্ষ উপকারভোগী মহিলাদের মাসিক ৩০ কেজি প্যাকেটজাত খাদ্য (চাল) এবং উন্নয়ন প্যাকেজ সেবা (প্রশিক্ষণ, সঞ্চয় ও ঋণ) প্রদান করা হচ্ছে।

ইতোমধ্যে, শিশু দিবাযত্ন আইন ২০২১ প্রণীত হয়েছে। মন্ত্রণালয়ের অধীনে ৮৫টি দিবাযত্ন কেন্দ্র পরিচালিত হচ্ছে। নির্যাতিত, অসহায় ও দুঃস্থ মহিলা ও শিশুর আবেদনের প্রেক্ষিতে ‘নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল’ পরিচালিত হচ্ছে। নারী ও শিশু কল্যাণকে গুরুত্ব প্রদানে সরকার আসন্ন অর্থবছরে মহিলা ও শিশু খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি করেছে।

## ২. ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে মহিলা ও শিশু খাতে প্রস্তাবিত বরাদ্দ

আসন্ন ২০২৪-২৫ অর্থবছরে মহিলা ও শিশু খাতে বরাদ্দ ৫ হাজার ২২২ কোটি টাকায় উন্নীত করার প্রস্তাব করা হয়েছে, যা মোট বাজেটের ০.৭ শতাংশ। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে মহিলা ও শিশু খাতে বরাদ্দ ধরা হয়েছিল ৪ হাজার ৭৫৪ কোটি টাকা, যা ছিল মোট বাজেটের ০.৬ শতাংশ। অপর দিকে ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে এর পরিমাণ ছিল মোট বাজেটের ০.৭ শতাংশ।

**লেখচিত্র ১: মহিলা ও শিশু খাতে প্রস্তাবিত বাজেট বরাদ্দ**




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ২।

### ৩. মহিলা ও শিশু খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাবিত বরাদ্দ

আসন্ন ২০২৪-২৫ অর্থবছরের জন্য মহিলা ও শিশু খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত বাজেট ধরা হয়েছে ৮৭৫ কোটি টাকা। প্রস্তাবিত এই বরাদ্দ ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত মোট বরাদ্দের ০.৩৩ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে এই বরাদ্দের পরিমাণ ছিল ৯১৪ কোটি টাকা।

#### লেখচিত্র ২: মহিলা ও শিশু খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাবিত বাজেট বরাদ্দ



তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার ২০২৪-২৫, বিবরণী ১০।

### ৪. উপসংহার

জেন্ডার সমতা নিশ্চিত করার পাশাপাশি পরবর্তী প্রজন্মের সার্বিক সুরক্ষার জন্য বাজেটে মহিলা ও শিশু খাতে প্রয়োজনীয় বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। মহিলা ও শিশুদের জন্য শিক্ষা ও প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রাপ্তির সুযোগ, জেন্ডারভিত্তিক সহিংসতা নিরসনের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ, মাতৃ ও শিশুপুষ্টির বিষয়টি নিশ্চিতকরণ, সর্বোপরি আর্থিক খাতে মহিলাদের জন্য কাজের সুযোগ তৈরীর বিষয়টি নিশ্চিত করার বিষয়টি সরকারের উন্নয়ন কর্মসূচীতে জোরালোভাবে প্রতিফলন প্রয়োজন। এসব বিষয়গুলোকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মহিলা এবং শিশুদের উন্নয়নে মাধ্যমে অর্থনৈতিক খাতে সম্পৃক্ত করে একটি অধিতকর শক্তিশালী অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তোলা সম্ভব।